অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
জাপান-১শাখা

বিষয়: **প্রেস বিজ্ঞপ্তি ইআরডি'র ওয়েব সাইটে প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আজ ১৩ ডিসেম্বর ২০১৫ তারিখ দুপুর ২:০০ ঘটিকায় জাপান সরকারের ৩৬তম ওডিএ লোন প্যাকেজের অন্তর্ভুক্ত নিম্নলিখিত ৬টি প্রকল্পের বিনিময় নোট ও ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে:

| প্রকল্পের নাম | সহায়তার পরিমাণ |
|---|---|
| (১) Foreign Direct Investment Promotion Project | ১৫,৮২৫ মিলিয়ন জাপানী ইয়েন |
| (২) Dhaka-Chittagong Main Power Grid Strengthening Project | ৪৩,৭৬৯ মিলিয়ন জাপানী ইয়েন |
| (৩) Western Bangladesh Bridge Improvement Project | ২৯,৩৪০ মিলিয়ন জাপানী ইয়েন |
| (৪) Maternal, Neonatal and Child Health (MNCH) and Health System Improvement Project | ১৭,৫২০ মিলিয়ন জাপানী ইয়েন |
| (৫) Urban Building Safety Project | ১২,০৮৬ মিলিয়ন জাপানী ইয়েন |
| (৬) Upazila Governance and Development Project | ১৪,৭২৫ মিলিয়ন জাপানী ইয়েন |
| মোট | ১৩৩,২৬৫ মিলিয়ন জাপানী ইয়েন |

স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তির কপি (বাংলা ও ইংরেজিতে) ইআরডি'র ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

১৩/১২/২০১৫
(খাদিজা পারভীন)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯১১৯৬০২

সিস্টেমস এনালিস্ট
ফাবা
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।

---

ইউ.ও. নোট নং- নং- ০৯.১৫১.০২৪.৩৬.০৩.০১২.২০১৪-৩০১ তারিখ : ১৩ ডিসেম্বর ২০১৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
জাপান-১ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd

তারিখ: ১৩ ডিসেম্বর ২০১৫

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৩ ডিসেম্বর ২০১৫ তারিখে বাংলাদেশ সরকার ও জাপান সরকারের মধ্যে জাপান সরকারের ৩৬তম ওডিএ লোন প্যাকেজের অন্তর্ভুক্ত নিম্নোক্ত ৬টি প্রকল্পের জন্য ১৩৩ বিলিয়ন ২৬৫ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ৮,৬৬০ কোটি টাকা) সম্বলিত বিনিময় নোট ও ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন, বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত Mr Masato Watanabe এর সাথে বিনিময় নোট এবং বাংলাদেশস্থ জাইকা অফিসের চিফ রিপ্রেজেন্টটিভ Mr Mikio Hataeda এর সাথে ঋণচুক্তি স্বাক্ষর করেন। প্রকল্প সমূহের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

| প্রকল্পের নাম | প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ/বাস্তবায়নকারী সংস্থা | ওডিএ ঋণ সহায়তার পরিমাণ |
|---|---|---|
| Foreign Direct Investment Promotion Project | প্রধানমন্ত্রীর কার্যালয়; অর্থ বিভাগ; ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ; বেজা; বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইনান্স ফান্ড লিমিটেড; বাংলাদেশ ব্যাংক | ১৫,৮২৫ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১,০২৯ কোটি টাকা) |
| Dhaka-Chittagong Main Power Grid Strengthening Project | বিদ্যুৎ বিভাগ; পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড | ৪৩,৭৬৯ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ২,৮৪৪ কোটি টাকা) |
| Western Bangladesh Bridge Improvement Project | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ; সড়ক ও জনপথ অধিদপ্তর | ২৯,৩৪০ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১,৯০৭ কোটি টাকা) |
| Maternal, Neonatal and Child Health (MNCH) and Health System Improvement Project | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ১৭,৫২০ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১,১৩৮ কোটি টাকা) |
| Urban Building Safety Project | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়; ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ; গৃহায়ন ও গণপূর্ত অধিদপ্তর; বাংলাদেশ ব্যাংক | ১২,০৮৬ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ৭৮৫ কোটি টাকা) |
| Upazila Governance and Development Project | স্থানীয় সরকার বিভাগ | ১৪,৭২৫ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ৯৫৭ কোটি টাকা) |
| | মোট | ১৩৩,২৬৫ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ৮,৬৬০ কোটি টাকা) |

**ঋণের শর্ত:** বাৎসরিক সুদের হার ০.০১%; যা ১০ বৎসরের গ্রেস পিরিয়ডসহ ৪০ বৎসরে পরিশোধযোগ্য।

*অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য*

**Foreign Direct Investment Promotion Project:** প্রকল্প ব্যয় ২৩,৩৪৯ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১,৫১৬ কোটি টাকা )। প্রকল্পের অনুকূলে জাইকা কর্তৃক ১৫,৮২৫ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১,০২৯ কোটি টাকা) ঋণ সহায়তা প্রদান করা হবে; যা মোট প্রকল্প ব্যয়ের ৬৭%। প্রকল্পের উদ্দেশ্য হলো, বাংলাদেশে জাপানিজ বিনিয়োগ আকৃষ্ট করা। প্রকল্পের আওতায় বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হবে।

**Dhaka-Chittagong Main Power Grid Strengthening Project:** প্রকল্প ব্যয় ৭০,০১১ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ৪,৫৫০ কোটি টাকা)। প্রকল্পের অনুকূলে জাইকা কর্তৃক ৪৩,৭৬৯ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ২,৮৪৪ কোটি টাকা) ঋণ সহায়তা প্রদান করা হবে; যা মোট প্রকল্প ব্যয়ের ৬৩%। প্রকল্পের উদ্দেশ্য হলো, শিল্প/বানিজ্যিক এলাকায় বিদ্যুৎ সরবরাহের মানোন্নয়ন এবং ঢাকা ও চট্টগ্রামের মধ্যে উচ্চ ক্ষমতা-সম্পন্ন বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণ করা।

**Western Bangladesh Bridge Improvement Project:** প্রকল্প ব্যয় ৪৪,৮৪১ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ২,৯১৪ কোটি টাকা)। প্রকল্পের অনুকূলে জাইকা কর্তৃক ২৯,৩৪০ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১,৯০৭ কোটি টাকা) ঋণ সহায়তা প্রদান করা হবে; যা মোট প্রকল্প ব্যয়ের ৬৫%। প্রকল্পের উদ্দেশ্য হলো, দেশের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নকল্পে পশ্চিমাঞ্চলে জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে অবস্থিত ৬১টি ব্রীজ প্রতিস্থাপন ও নির্মাণ করা।

**Maternal, Neonatal and Child Health (MNCH) and Health System Improvement Project:** প্রকল্প ব্যয় ২১,৪৯৭ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১,৩৯৭ কোটি টাকা)। প্রকল্পের অনুকূলে জাইকা কর্তৃক ১৭,৫২০ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১,১৩৮ কোটি টাকা) ঋণ সহায়তা প্রদান করা হবে; যা মোট প্রকল্প ব্যয়ের ৮১%। প্রকল্পের আওতায় উন্নত স্বাস্থ্য সেবা প্রদান করা হবে।

**Urban Building Safety Project:** প্রকল্প ব্যয় ১৪,০৩১ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ৯১২ কোটি টাকা)। প্রকল্পের অনুকূলে জাইকা কর্তৃক ১২,০৮৬ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ৭৮৫ কোটি টাকা) ঋণ সহায়তা প্রদান করা হবে; যা মোট প্রকল্প ব্যয়ের ৮৬%। ঢাকা, চট্টগ্রাম, গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলা প্রকল্পের আওতাভুক্ত। প্রকল্পের আওতায় শহর এলাকায় বেসরকারী ভবনের নিরাপত্তার মান্নোনয়নকল্পে আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ঋণ সুবিধা প্রদান করা হবে। অধিকন্তু, ঢাকায় ৯টি ফায়ার স্টেশন রেট্রোফিট করা সহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নতুন সদর দপ্তর নির্মাণ করা হবে।

**Upazila Governance and Development Project:** প্রকল্প ব্যয় ১৭,২১৭ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১,১১৮ কোটি টাকা)। প্রকল্পের অনুকূলে জাইকা কর্তৃক ১৪,৭২৫ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ৯৫৭ কোটি টাকা) ঋণ সহায়তা প্রদান করা হবে; যা মোট প্রকল্প ব্যয়ের ৮৫%। প্রকল্পের উদ্দেশ্য হলো, প্রশিক্ষণ ও অর্থায়নের মাধ্যমে উপজেলা পরিষদের দক্ষতা বৃদ্ধি করা এবং স্থানীয় সরকার কাঠামো শক্তিশালী করা। কার্য-সম্পাদনের ভিত্তিতে গর্ভান্যান্স ও অবকাঠামো উন্নয়ন কল্পে উপজেলা পরিষদে অর্থ বরাদ্দ করা হবে।

দ্বি-পাক্ষিক পর্যায়ে জাপান বাংলাদেশের সর্ববৃহৎ উন্নয়ন সহযোগি দেশ। স্বাধীনতার পর থেকে জাপান বাংলাদেশকে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে বিভিন্ন সেক্টরে উল্লেখযোগ্য সহায়তা প্রদান করে আসছে।

১৩/১২/২০১৫
(খাদিজা পারভীন)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯১১৯৬০২